সাংবাদিক বিষ্ণুর উন্নত চিকিৎসার দাবীতে বাগেরহাট প্রেসক্লাবের স্মারকলিপি

বাগেরহাট প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক অসুস্থ্য সাংবাদিক বিষ্ণু প্রসাদ চক্রবর্তীর উন্নত চিকিৎসার দাবীতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছে বাগেরহাট প্রেসক্লাব। রবিবার দুপুরে বাগেরহাটের জেলা প্রশাসক আ.ন.ম ফয়জুল হকের কাছে এই স্মারক লিপি হস্তান্তর করেন বাগেরহাট প্রেসক্লাব নেতৃবৃন্দ।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বাগেরহাট প্রেসক্লাবের সভাপতি সভাপতি নীহার রঞ্জন সাহা, সহ-সভাপতি মুক্তিযোদ্ধা নকিব সিরাজুল হক, সহ-সম্পাদক শেখ আজমল হোসেন, নির্বাহী সদস্য ইয়ামিন আলী, এস এম সামছুর রহমান, মোঃ কামরুজ্জামান প্রমুখ।

গত ৭ ফেব্রæয়ারী বাগেরহাট প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক, একাত্তর টিভির বাগেরহাট প্রতিনিধি করোনা টীকা গ্রহনের পর বিষ্ণু প্রসাদ চক্রবর্তী অসুস্থ হন। এরপর তাকে বাগেরহাট সদর হাসপাতাল ও খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। এতে তার অবস্থার উন্নতি না হওয়ায় বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময়ের সহযোগীতায় বিষ্ণুকে এয়ার এম্বুলেন্সে ঢাকায় নেয়া হয়। গত ৭ মার্চ থেকে বিষ্ণু প্রসাদ চক্রবর্তী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন আছেন। দীর্ঘ চিকিৎসার পরও তার জ্বর কমছে না এবং রোগ নির্ণয় করাও সম্ভব হয়নি।

এর আগে গত শুক্রবার প্রেসক্লাব সভাপতি নীহার রঞ্জন সাহার সভাপতিত্বে নির্বাহী কমিটির এক জরুরী সভায় সর্ব সম্মত ভাবে তার উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার বরাবরে স্মরকলিপি দেয়ার প্রস্তাব গৃহিত হয়।